



ডেক ও ইঞ্জিন কর্মী প্রশিক্ষণ কেন্দ্র
বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্তৃপক্ষ
সোনাকান্দা, নারায়ণগঞ্জ।



মেরিন শিক্ষনবিশ ভর্তি বিজ্ঞপ্তি

আগামী ১লা জানুয়ারী হতে ২০২৫ ইং সনের জন্য এক বৎসর মেয়াদী মেরিন শিক্ষনবিশ (ডেক ও ইঞ্জিন) কোর্সে ভর্তির জন্য বাংলাদেশী পুরুষ নাগরিকদের কাছ থেকে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

আবেদনের সময়সীমাঃ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে ৩১/১০/২০২৪ ইং রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত।

নির্বাচনী পরীক্ষার সময়সূচী ও স্থানঃ ২২ ও ২৩ নভেম্বর ২০২৪ ইং (সকাল ০৯:০০ ঘটিকা) ডেক ও ইঞ্জিন কর্মী প্রশিক্ষণ কেন্দ্র, বিআইডব্লিউটিএ, সোনাকান্দা, নারায়ণগঞ্জ।

ফলাফল প্রকাশ : ২৩ নভেম্বর- ২০২৪ইং।

ভর্তি কার্যক্রম : ২৩ নভেম্বর -২০২৪ ইং হতে ৩০ নভেম্বর - ২০২৪ইং।

ভর্তির শর্তসমূহঃ

- আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশী নাগরিক ও অবিবাহিত পুরুষ হতে হবে।
- আবেদনকারীকে কমপক্ষে এস এস সি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- নির্বাচনী পরীক্ষার সময় প্রয়োজনীয় সকল সনদ/মার্কশীটের মূল কপি/অনলাইন কপি প্রদর্শন করতে হবে।
- আবেদনকারীর বয়স এস এস সি/ সমমান পরীক্ষার সার্টিফিকেট অনুযায়ী ৩১/১২/২০২৪ ইং তারিখে ১৬ $\frac{১}{২}$ বছর থেকে ২১ বছর এর মধ্যে হতে হবে।
- চূড়ান্ত ভাবে উত্তীর্ণ প্রার্থীকে সার্বক্ষণিক প্রশিক্ষণ গ্রহণের জন্য কেন্দ্রে অবস্থান করতে হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ভর্তি পদ্ধতিঃ

- আবেদনকারীদের মধ্য হতে মেধা তালিকার ভিত্তিতে প্রাথমিক ভাবে ডেক শাখায় ৩৩০ জন এবং ইঞ্জিন শাখায় ১৭০ জন করে মোট ৫০০ জন প্রার্থীকে নির্বাচিত করা হবে।
- নির্বাচিত ৫০০ জনকে বাংলা, ইংরেজী, অংক ও সাধারণ জ্ঞান বিষয় (এস.এস.সি মানের) ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশ নিতে হবে।
- প্রতি শাখায় লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের শারীরিক সুস্থতা, চক্ষু, সঁতার ও মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।
- শারীরিক সুস্থতা, চক্ষু, সঁতার ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য হতে প্রতি শাখায় মেধা তালিকা অনুযায়ী ডেক শাখায় প্রথম ১০০ (একশত) জন এবং ইঞ্জিন শাখায় ৫০ (পঁঞ্চাশ) জন-কে চূড়ান্তভাবে নির্বাচিত করে অন্যান্যদের অপেক্ষামান তালিকায় রাখা হবে।
- চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে এককালীন ২০,০০০/- (বিশ হাজার) টাকা এবং জামানত হিসেবে ২,০০০/- টাকা (কোর্স শেষে ফেরত যোগ্য) ভর্তির সময় জমা প্রদান করতে হবে। ইঞ্জিন শাখার প্রশিক্ষার্থীদের নেভাল ডকইয়ার্ডে ব্যবহারিক প্রশিক্ষণ ফি বাবদ ডকইয়ার্ড কর্তৃক ধার্যকৃত ১,০০০/- (এক হাজার) টাকা অতিরিক্ত জমা প্রদান করতে হবে।

সুবিধাদিঃ

- ফ্রি থাকা ও খাওয়ার ব্যবস্থা।
- ফ্রি প্রশিক্ষণ ও প্রশিক্ষণ উপযোগী ০১ সেট ইউনিফর্ম প্রদান।
- অভ্যন্তরীণ জাহাজ, কোষ্টাল জাহাজ ও ফিশিং জাহাজে চাকুরীর সুযোগ।
- কোন স্বীকৃত বোর্ড বা কর্তৃপক্ষ হইতে পদার্থ বিজ্ঞান ও গণিতসহ মাধ্যমিক (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ- ৩.০০ (৫০% নম্বর) প্রাপ্ত প্রশিক্ষার্থী ডেক/ইঞ্জিন অফিসার ক্লাস- ৫ সনদ প্রাপ্তি সাপেক্ষে বিদেশগামী জাহাজে চাকুরীর সুযোগ।

Online- এ আবেদনের পদ্ধতিঃ

- যে কোন ওয়েব ব্রাউজারের মাধ্যমে www.deptcnarayanganj.com এ প্রবেশ করুন>'Online Application' এ ক্লিক করুন>'Choose an Option' ক্লিক করুন> 'Nautical Science' অথবা 'Marine Engineering' এ Select করে Application Form পূরণ পূর্বক রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।
- Application Form এ ১০০ kb এর মধ্যে ৩০০ x ৩০০ pixel এর রঙিন ছবি এবং ৬০ kb এর মধ্যে ৩০০ x ৮০ pixel signature upload করতে হবে।
- সঠিকভাবে Application Form পূরণের পর প্রার্থীকে Proceed বাটনে ক্লিক করে আবেদন সম্পন্ন করতে হবে।
- আবেদন সম্পন্ন করার পর Applied ID (যা SMS এর মাধ্যমে টাকা প্রদানের সময় ব্যবহার করতে হবে) সহ প্রার্থী Applicant's Copy পর্দায় দেখতে পাবেন এবং তা Print করে সংরক্ষণ করবেন।
- পরীক্ষার ফি জমা প্রদান: Applicant's Copy তে প্রাপ্ত Applied ID ব্যবহার করে ডাচ বাংলা ব্যাংক লিমিটেড এর (মোবাইল ব্যাংকিং সেবা) রকেট একাউন্ট এর মাধ্যমে ৩২০/- (তিনশত বিশ) টাকা আবেদন করার পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে জমা প্রদান করতে হবে।
- টাকা প্রদানের নিয়ম: রকেট ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং এর মোবাইল নম্বর হতে *322# ডায়াল করুন এবং পরবর্তী ধাপ গুলো অনুসরণ করুন

screen 1: Bill Pay....> screen 2: Select your option: Self:নিজের রকেট একাউন্ট হলে, Other: Agent হলে আবেদনকারীর মোবাইল নম্বর দিন।.....> screen 3 : other.....> screen 4: Enter Bill ID : 423.....> screen 5: Enter Bill Number: এর ক্ষেত্রে (Applied ID)দিতে হবে.....> screen 6: Enter Amount: 320..>
screen 7: Enter PIN (Successful). সঠিক ভাবে সকল ধাপ অতিক্রম করা হলে রকেট হতে একটি নিশ্চিতকরন SMS প্রদান করা হবে।

Admit card download: সফল আবেদনকারীদের Admit card download করার তারিখ ও সময় পরবর্তীতে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

অধ্যক্ষ

ডেক ও ইঞ্জিন কর্মী প্রশিক্ষণ ন্দ্র

বিআইডব্লিউটিএ, সোনাকান্দা, নারায়ণগঞ্জ।